

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.১৯.২০২৩. ৫০

তারিখ: ২২ মার্চ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২৪ খ্রি.

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ


যেহেতু, আপনি জনাব রেবেকা সুলতানা, প্রধান শিক্ষক, শহীদ মনু মিয়া সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক থাকাকালীন বিদ্যালয়ের নতুন ভবন এর ৫ম তলায় সম্পূর্ণ ফ্লোরে অবৈধভাবে বসবাসসহ আপনার বিরুদ্ধে আনীত বিভিন্ন খাতে উত্তোলিত অর্থ থেকে ভূয়া ভাউচার দেখিয়ে অর্থ আত্মসাতের ১৯ টি অভিযোগের মধ্যে ১৮ অভিযোগই তদন্ত কমিটির তদন্তে প্রাথমিক সত্যতা পাওয়া গেছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত মামলায় আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করায় গত ১৮/০৫/২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। উক্ত জবাব সন্তোষজনক না হওয়ায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীতে বর্ণিত মোট ১৮ টি বিভিন্ন অভিযোগের মধ্যে ০৫ (পাঁচটি) অভিযোগ যথা: (i) মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত রেজুলেশন গ্রহণ না করে ৬ষ্ঠ, ৭ম ও ৯ম শ্রেণিতে (দিবা ও প্রভাতী শিফটে) অতিরিক্ত শাখা খোলা (১ নং অভিযোগ) (ii) বিদ্যালয়ের নতুন ভবন এর ৫ম তলায় অবৈধভাবে বসবাস (৪ নং অভিযোগ) (iii) অভিভাবকদের কাছ থেকে বিদ্যালয় উন্নয়ন বাবদ টাকা গ্রহণ (৫ নং অভিযোগ) (iv) প্রতি বছর নভেম্বর মাসে ক্লাস বন্ধ করে ক্লাসপার্ট করতে বাধ্য করা (১৬ নং অভিযোগ) এবং (v) বিদ্যালয়ে পিএসসি এর নিয়োগ পরীক্ষাসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার নিয়োগ পরীক্ষা হতে টাকা আত্মসাৎ (১৭ নং অভিযোগ) সংক্রান্ত অভিযোগসমূহের সত্যতা রয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক মতামতে উল্লেখ করেন;

যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনের প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে আপনাকে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, আপনি জনাব রেবেকা সুলতানা, প্রধান শিক্ষক, শহীদ মনু মিয়া সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একই বিধিমালা ৭(৯) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত বা বিধিতে বর্ণিত অন্য কোনো গুরুদণ্ড প্রদান করা হবে না তাঁর জবাব এ নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো।


২৫/০৫/২৪
(সোলেমান খান)
সচিব

সংযুক্ত: তদন্ত প্রতিবেদনের অনুলিপি ১৫ (পনেরো) ফর্দ।

বর্তমান কর্মস্থল:

জনাব রেবেকা সুলতানা


প্রধান শিক্ষক

শহীদ মনু মিয়া সরকারি মাধ্যমিক বিদ্যালয়, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব